ইত্তেফাক

15/10/80

028

# এবার কমপক্ষে ৭শত খাল খনন করা হইবে —প্রেসিডেন্ট

বাসস জানায়, প্রেসিডেন্ট জিয়াউর রহমান গতকাল (মঙ্গলবার) বঙ্গভবনে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের সম্মেলনে উন্নয়ন তৎপরতা আরও জোরদার করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন। প্রেসিডেন্ট বলেন, সেচের সুযোগ-সুবিধা সম্প্রসারণের জন্য আগামী ১লা নভেম্বর যে খালকাটা কর্মসূচী শুরু হইবে উহার অধীনে কমপক্ষে সাত শত খাল খনন করা হইবে।

প্রেসিডেন্ট জিয়া বলেন, খাল খনন কর্মসূচীর প্রধান অংশ গ্রহণকারী হইবে স্বনির্ভর গ্রাম-সরকার, গ্রামপতিরক্ষাদল ও ছাত্ররা। গত মৌসুমে প্রায় ২শত খাল কাটা হইয়াছিল। প্রেসিডেন্ট নিরক্ষরতা দূরীকরণের উপর বিশেষ জোর দিয়া বলেন কর্মসূচী দ্রুত বাস্তবায়নের জন্য এ অভিযান আরও ব্যাপক করা হইবে।